দৈনিক জনকণ্ঠ

8/9/2000

তারিখ ............
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৩

# বিএনপি ক্ষমতায় গেলে শিক্ষকদের দাবিদাওয়া মেনে নেয়া হবে ॥ মান্নান ভুঁইয়া

**স্টাফ রিপোর্টার** ॥ শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের অবস্থান ধর্মঘটে বক্তৃতাকালে বিএনপি মহাসচিব আবদুল মান্নান ভুঁইয়া বলেছেন, আগামীতে বিএনপি ক্ষমতায় এলে শিক্ষকদের দাবিদাওয়া মেনে নেয়া হবে। তাঁদের আর আন্দোলন করতে হবেনা। আর সরকার গঠন করতে না পারলে বিএনপি শিক্ষক-কর্মচারীদের আন্দোলনে কাঁধে কাঁধ মিলিয়ে অংশ নেবে। জবাবে শিক্ষক নেতারা বলেছেন, আমরা আওয়ামী লীগ বুঝি না, বিএনপিও বুঝি না। যাঁরা আমাদের দাবি মেনে নেবে, নির্বাচনী ইশতেহারে অন্তর্ভুক্ত করবে, আমরা তাদের প্রতি সমর্থন দেব। আমরাই নির্বাচনে প্রিজাইডিং ও পোলিং অফিসার থাকব, ভোট সেভাবেই হবে। ছয় দফা দাবি বাস্তবায়ন ও নয় দফা কালো চুক্তি বাতিলের দাবিতে আন্দোলনরত বেসরকারী শিক্ষক-কর্মচারীদের সংগঠন শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের আহ্বানে সোমবার রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে এ অবস্থান ধর্মঘট শুরু হয়েছে।

রাজশাহীর মেয়র মিজানুর রহমান মিনু, বিএনপির এম শামসুল ইসলাম, আমানউল্লাহ আমান, নাজিমউদ্দিন আলম, মোয়াজ্জেম হোসেন আলাল, তকদির হোসেন জসিম এবং ছাত্রদল নেতা মনির হোসেন আন্দোলনরত শিক্ষকদের দাবিগুলোর সঙ্গে একাত্মতা ঘোষণা করতে কেন্দ্রীয় শহীদ মিনারে উপস্থিত ছিলেন।